www.bteb.gov.bd
Academic Calendar

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০৩.০৫.০০২.১৩.৫৮৯

তারিখ: ২৮-১২-২০২৩খ্রি:

## জেএসসি/জেডিসি (ভোকেশনাল) ও এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম
## শিক্ষা বর্ষপঞ্জি: ২০২৪ খ্রিস্টাব্দ

| মাস ও সন | কার্যক্রমের বিবরণ | ছুটির বিবরণ (তারিখ, দিন ও উপলক্ষ্য) | মাসভিত্তিক দিবসের সংখ্যা | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | কার্য দিবস | ছুটির দিবস | | | |
| | | | | শুক্রবার | শনিবার | অন্যান্য | |
| জানুয়ারি ২০২৪ খ্রি: | নবম শ্রেণি (শিক্ষাবর্ষ ২০২৩) বাস্তব প্রশিক্ষণ অব্যাহত<br>দশম শ্রেণি (শিক্ষাবর্ষ ২০২৩) ক্লাস অব্যাহত<br>০১ জানুয়ারি, ষষ্ঠ থেকে নবম শ্রেণি বই বিতরণ উৎসব<br>০২ জানুয়ারি, ষষ্ঠ থেকে নবম শ্রেণি ক্লাস শুরু (শিক্ষাবর্ষ ২০২৪) | - | ২৩ | ০৪ | ০৪ | ০০ | ৩১ |
| ফেব্রুয়ারি ২০২৪ খ্রি: | ষষ্ঠ থেকে দশম শ্রেণি ক্লাস অব্যাহত<br>**১৫ ফেব্রুয়ারি এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) বোর্ড সমাপনী পরীক্ষা-২০২৪ শুরু | * ০৯ ফেব্রুয়ারি, শুক্রবার (শব-ই-মিরাজ)<br>১৪ ফেব্রুয়ারি, বুধবার (শ্রী শ্রী সরস্বতী পূজা)<br>২১ ফেব্রুয়ারি, বুধবার (শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস)<br>* ২৩ ফেব্রুয়ারি, শুক্রবার (মাঘী পূর্ণিমা)<br>* ২৬ ফেব্রুয়ারি, সোমবার (শব-ই-বরাত) | ১৮ | ০৪ | ০৪ | ০৩ | ২৯ |
| মার্চ ২০২৪ খ্রি: | **১-১২ মার্চ এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) বোর্ড সমাপনী পরীক্ষা-২০২৪ অব্যাহত<br>**২২-৩১ মার্চ এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) বাস্তব প্রশিক্ষণ শুরু (০৬ সপ্তাহ ব্যাপী)<br>ষষ্ঠ থেকে দশম শ্রেণি ক্লাস অব্যাহত | ০৮ মার্চ, শুক্রবার (শ্রী শ্রী শিবরাত্রি ব্রত)<br>১১-৩১ মার্চ [*পবিত্র রমজান, ১৭ মার্চ, রবিবার (জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস), ২৫ মার্চ, সোমবার (শুভ দোলযাত্রা) ২৬ মার্চ, মঙ্গলবার (স্বাধীনতা ও জাতীয় দিবস), ৩১ মার্চ, রবিবার (ইস্টার সানডে)] | ০৬ | ০৫ | ০৫ | ১৫ | ৩১ |
| এপ্রিল ২০২৪ খ্রি: | ০১-৩০ এপ্রিল এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) বাস্তব প্রশিক্ষণ সমাপ্তি<br>ষষ্ঠ থেকে দশম শ্রেণি ক্লাস অব্যাহত | * ০১-১৮ এপ্রিল [*০৫ এপ্রিল, শুক্রবার (জুমাতুল বিদা), *০৭ এপ্রিল, রবিবার (শব-ই-কদর), *১১ এপ্রিল, বৃহস্পতিবার (ঈদ-উল-ফিতর), ১২ এপ্রিল, শুক্রবার ও ১৫ এপ্রিল, সোমবার (বৈসাবি ও পার্বত্য চট্টগ্রামের অন্যান্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সামাজিক উৎসব), ১৪ এপ্রিল, রবিবার (বাংলা নববর্ষ)] | ০৮ | ০৪ | ০৪ | ১৪ | ৩০ |
| মে ২০২৪ খ্রি: | ০২-২১ মে ষষ্ঠ থেকে দশম শ্রেণি ক্লাস অব্যাহত<br>২৩-৩১ মে ষষ্ঠ থেকে দশম শ্রেণির ষান্মাসিক মূল্যায়ন/বর্ষমধ্য পরীক্ষা | ০১ মে, বুধবার (মে দিবস)<br>* ২২ মে, বুধবার (বুদ্ধ পূর্ণিমা) | ২০ | ০৫ | ০৪ | ০২ | ৩১ |
| জুন ২০২৪ খ্রি: | ০১-১২ জুন ষষ্ঠ থেকে দশম শ্রেণির ষান্মাসিক মূল্যায়ন/বর্ষমধ্য পরীক্ষা | ১৩-৩০ জুন [*পবিত্র ঈদ-উল-আযহা (১৬, ১৭ ও ১৮) ও গ্রীষ্মকালীন অবকাশ] | ০৯ | ০৪ | ০৫ | ১২ | ৩০ |
| জুলাই ২০২৪ খ্রি: | ষষ্ঠ থেকে দশম শ্রেণি ক্লাস অব্যাহত | ১-২ জুলাই (গ্রীষ্মকালীন অবকাশ)<br>*০৮ জুলাই, সোমবার (হিজরী নববর্ষ)<br>*১৭ জুলাই, বুধবার (আশুরা) | ১৯ | ০৪ | ০৪ | ০৪ | ৩১ |
| আগস্ট ২০২৪ খ্রি: | ষষ্ঠ থেকে দশম শ্রেণি ক্লাস অব্যাহত | ১৫ আগস্ট, বৃহস্পতিবার (জাতীয় শোক দিবস)<br>২৬ আগস্ট, সোমবার (শুভ জন্মাষ্টমী) | ১৯ | ০৫ | ০৫ | ০২ | ৩১ |
| সেপ্টেম্বর ২০২৪ খ্রি: | ষষ্ঠ থেকে দশম শ্রেণি ক্লাস অব্যাহত | * ০৪ সেপ্টেম্বর, বুধবার (আখেরি চাহার সোম্বা)<br>* ১৬ সেপ্টেম্বর, সোমবার ঈদ-ই মিলাদুন্নবী (সা.)] | ২০ | ০৪ | ০৪ | ০২ | ৩০ |
| অক্টোবর ২০২৪ খ্রি: | ষষ্ঠ থেকে দশম শ্রেণি ক্লাস অব্যাহত | ০৯-১৭ অক্টোবর পর্যন্ত দুর্গাপূজা [১৩ অক্টোবর, রবিবার, বিজয়া দশমী], *১৫ অক্টোবর, মঙ্গলবার (ফাতেহা-ই-ইয়াজদাহম), ১৬ অক্টোবর , বুধবার (শ্রী শ্রী লক্ষ্মীপূজা এবং প্রবারণা পূর্ণিমা)]<br>৩১ অক্টোবর, বৃহস্পতিবার (শ্রী শ্রী শ্যামা পূজা) | ১৫ | ০৪ | ০৪ | ০৮ | ৩১ |
| নভেম্বর ২০২৪ খ্রি: | ষষ্ঠ থেকে দশম শ্রেণি ক্লাস অব্যাহত<br>**২১ নভেম্বর ষষ্ঠ থেকে নবম শ্রেণি বার্ষিক/সামষ্টিক মূল্যায়ন/বোর্ড সমাপনী পরীক্ষা শুরু<br>১৯ নভেম্বর হতে শিক্ষাবর্ষ ২০২৫-এর (ষষ্ঠ হতে নবম শ্রেণি) ভর্তি প্রক্রিয়া শুরু | - | ২০ | ০৫ | ০৫ | ০০ | ৩০ |
| ডিসেম্বর ২০২৪ খ্রি: | দশম শ্রেণি ক্লাস অব্যাহত<br>**১৭ ডিসেম্বর, নবম শ্রেণি বাস্তব প্রশিক্ষণ শুরু (০৬ সপ্তাহ ব্যাপী) | ১২-২৬ ডিসেম্বর, শীতকালীন অবকাশ [১৬ ডিসেম্বর, সোমবার (বিজয় দিবস), ২৫ ডিসেম্বর, বুধবার (যিশু খ্রিষ্টের জন্মদিন ও বড় দিন)] | ১২ | ০৪ | ০৪ | ১১ | ৩১ |
| | | মোট কার্য দিবস ও ছুটি | ১৮৯ | ৫২ | ৫২ | ৭৩ | ৩৬৬ |
| | | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | -৩ | ০ | ০ | +৩ | ০ |
| | | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটিসহ মোট | ১৮৬ | ৫২ | ৫২ | ৭৬ | ৩৬৬ |

*চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল।

** সরকারি সিদ্ধান্ত অনুসারে ছুটি, ক্লাস শুরু এবং চূড়ান্ত পরীক্ষার সময়সূচি পরিবর্তন হতে পারে।

বি. দ্র. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, সরকারি মাধ্যমিক-১ শাখা এর স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-৬৪০, তারিখ: ১৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ ছুটির তালিকা ও শিক্ষা বর্ষপঞ্জির আলোকে প্রকাশ করা হলো।

বিশেষ দ্রষ্টব্য:

১. শিক্ষাবর্ষ হবে ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত। ১ম কর্মদিবস অর্থাৎ ০১ জানুয়ারি পাঠ্যপুস্তক দিবস হিসেবে উদযাপন করতে হবে।

২. উল্লিখিত সময়সূচি অনুযায়ী **ষান্মাসিক মূল্যায়ন/বর্ষমধ্য পরীক্ষা ও বার্ষিক/সামষ্টিক মূল্যায়ন/বোর্ড সমাপনী পরীক্ষা** গ্রহণ নিশ্চিত করতে হবে। বার্ষিক/সামষ্টিক মূল্যায়ন/বোর্ড সমাপনী পরীক্ষার উত্তরপত্র ০১ (এক) বছর সংরক্ষণ করতে হবে।

৩. স্ব স্ব প্রতিষ্ঠান পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতিত) নিজেরাই প্রণয়ন করবে। কোনো অবস্থাতেই অন্য কোনো উৎস হতে সংগৃহীত প্রশ্নপত্রে পরীক্ষা নেয়া যাবে না।

৪. সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিদিন বিধি মোতাবেক জাতীয় পতাকা উত্তোলন করতে হবে এবং জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্র ও শনিবার) ব্যতিত বছরে মোট ছুটি থাকবে ৭৬ দিন।

৬. কোনো সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষ্যে প্রতিষ্ঠান ছুটি দেওয়া যাবে না এবং সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষ্যে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না। সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠিতব্য ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখতে হবে।

৮. পাবলিক পরীক্ষার কেন্দ্র/ভেন্যু থাকলে উক্ত প্রতিষ্ঠানে পরীক্ষার সময় বিকল্প ব্যবস্থায় এবং কেন্দ্র/ভেন্যু ব্যতিত অন্যান্য প্রতিষ্ঠানে যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে। কোনো অবস্থাতেই পাঠদান/শ্রেণি কার্যক্রম বন্ধ রাখা যাবে না।

৯. জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস যথা: ২১ ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২৬ মার্চ, ১৫ আগস্ট ও ১৬ ডিসেম্বর ক্লাস বন্ধ থাকবে, তবে সংশ্লিষ্ট দিবসের বিষয়ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারী সমন্বয়ে দিবসটি উদ্‌যাপন করতে হবে।

১০. শেখ রাসেল দিবস ১৮ অক্টোবর যথাযথ মর্যাদায় উদ্‌যাপন করতে হবে।

১১. প্রতিটি প্রতিষ্ঠানে সরকার কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজন ও শিক্ষাসপ্তাহ পালন করতে হবে।

১২. হাওড় অঞ্চলে বোরো ধান কাঁটা উপলক্ষ্যে মার্চ মাসের শেষ সপ্তাহ থেকে এপ্রিল মাসের ১ম সপ্তাহ পর্যন্ত শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকতে দেখা যায়। তাই হাওড় অঞ্চলের প্রতিষ্ঠানসমূহে প্রতিষ্ঠান প্রধানগণ পবিত্র ঈদুল আযহা ও গ্রীষ্মকালীন ছুটি থেকে সমন্বয় করে উল্লিখিত সময়ে ১০ (দশ) দিন শ্রেণি কার্যক্রম বন্ধ রাখতে পারবেন। তবে ছুটি সমন্বয়কারী প্রতিষ্ঠান প্রধানকে গ্রীষ্মকালীন ছুটির সময়ে শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।

১৩. সাপ্তাহিক ছুটি ০২ দিন নির্ধারণ করায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান যথাযথ পাঠপরিকল্পনা প্রণয়নপূর্বক পাঠদান সমাপ্ত করতে হবে।

২৮/১২/২৩

(প্রকৌশলী মোঃ রকিব উল্লাহ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০৩.০৫.০০২.১৩.৫৮৯(৩৪৮৭) তারিখ: ২৮-১২-২০২৩ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| | |
|---|---|
| ১। | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ২। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ৩। | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| ৪। | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| ৫। | মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা। |
| ৬-১৪। | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ। |
| ১৫। | চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। |
| ১৬। | সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। |
| ১৭-২৫। | পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ। |
| ২৬। | পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। |
| ২৭। | পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। |
| ২৮। | আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর। |
| ২৯। | সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **(ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)** |
| ৩০। | উপসচিব (প্রশাসন/রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। |
| ৩১। | উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। |
| ৩২। | উপপরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। |
| ৩৩-৩৪৮৫। | অধ্যক্ষ/সুপারিটেনডেন্ট/প্রধান শিক্ষক ------------------------------------------------------------------------------------। |
| ৩৪৮৬। | চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। |
| ৩৪৮৭। | সংরক্ষণ নথি। |

২৮/১২/২৩

(মোহাম্মদ গোলাম মহিউদ্দিন ভূঁইয়া)
বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫৩৮